

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুলিয়ারচর, কিশোরগঞ্জ
www.kuliarchar.kishoreganj.gov.bd


স্মারক নং: ০৫.৪১.৪৮৫৪.০০০.৩১.০০৩.২৩-১৪৯

তারিখ : ২২-০৩-২০২৩ খ্রি.

জরুরি গণবিজ্ঞপ্তি

আসন্ন পবিত্র রমজানুল মোবারক উপলক্ষে উপজেলা অত্যাবশ্যিকীয় পণ্য বিপণন ও মনিটরিং কমিটির মার্চ/২৩ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ নিম্ন উপস্থাপন করা হলো :

- ১। প্রত্যেক বাজার এর পরিচালনা কমিটি ব্যবসায়ীদের নিয়ে বসে সভা করতে হবে
- ২। পণ্যের মূল্য তালিকা দোকানের দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখার জন্য ব্যবসায়ীদের অনুরোধ জানানো হয়।
- ৩। কোন ব্যবসায়ী যেন কোন অত্যাবশ্যিকীয় পণ্যের কৃত্রিম সংকট তৈরির মাধ্যমে মূল্য বৃদ্ধি না করতে পারে সে বিষয়ে নজরদারী করার জন্য কঠোরভাবে মোবাইল কোর্ট পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য ব্যবসায়ীদের অনুরোধ করা হয়।
- ৪। সরকারি রাস্তায় কোন পণ্যের অস্থায়ী দোকান বসানো যাবে না।
- ৫। উপযুক্ত কর্তৃপক্ষকে তার দোকানের মূল্য তালিকা, বৈধ ট্রেড লাইসেন্স ও ডিলিং লাইসেন্স প্রদর্শনে সহযোগিতার জন্য অনুরোধ করা হয়।
- ৬। ভেজাল মিশ্রিত খাদ্য বা পণ্য বিক্রি করলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। রোজার মাসে সুস্থ সবল গবাদি পশু পাখি জবাই করে মাংস বিক্রি করতে হবে। অসুস্থ বা মৃত গরু-ছাগল জবাই করলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। অস্বাস্থ্যকার পরিবেশে খাদ্য সামগ্রী তৈরি করলে ও ইফতারী সামগ্রী তৈরিতে কোন প্রকার রং এবং কেমিক্যাল ব্যবহার করলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। ভেজাল পণ্য কৃত্রিম দুগ্ধাপ্য মজুদ ও কালোবাজারির বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। রমজান পাপমুক্তির মাস। হালালভাবে ব্যবসা করবো রোজাদারদের সেবা দিবো।
- ১১। প্রত্যেক বাজারে সকাল ১০.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত পণ্যবাহী কোন গাড়ি মাল লোডিং ও আনলোডিং করতে পারবে না।


(সাদিয়া ইসলাম নুনা)
উপজেলা নির্বাহী অফিসার
কুলিয়ারচর, কিশোরগঞ্জ
মোবাইল : ০১৯৫৮-৪০০৪১৯
unokuliarchar@mopa.gov.bd